গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৮

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১৯

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ২২

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ২৩

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

২০০৯ সালের শুরুতেই বিদ্যুতের স্থাপিত ক্ষমতা ছিল ৪,৯৪২ মেগাওয়াট যা বর্তমানে বৃদ্ধি পেয়ে ২২,৩৪৮ মেগাওয়াট (ক্যাপটিভ ও অফ-গ্রিড নবায়নযোগ্য জ্বালানিসহ মোট ২৫,৫৬৬ মেগাওয়াট)। এ সময়ে মোট জনসংখ্যার ৪৭ শতাংশ থেকে শতভাগ বিদ্যুৎ সুবিধার আওতায় এসেছে। বর্তমানে সরকারি খাতে বিদ্যুতের স্থাপিত ক্ষমতা ৪৫%, বেসরকারি খাতে ৪৪%, জয়েন্ট ভেঞ্চার ৬% এবং বিদ্যুৎ আমদানীর পরিমান ৫%। তাছাড়া বিউবো'র বিতরণ সিস্টেম লস একটি গ্রহণযোগ্য পর্যায়ে নামিয়ে আনার জন্য বিউবো প্রতিশ্রুতিবদ্ধ। বিউবো'র বিতরণ লস ২০১৩-১৪ অর্থবছরে ছিল ১১.৮৯%, ২০১৪-১৫ অর্থবছরে ১১.১৭%, ২০১৫-২০১৬ অর্থবছরে ১১.০১%, ২০১৬-১৭ অর্থবছরে ৯.২৭%, ২০১৭-১৮ অর্থবছরে ৯.৮৮%, ২০১৮-১৯ অর্থবছরে ৯.১৩%, ২০১৯-২০ অর্থবছরে ৯.০১% এবং ২০২০-২১ অর্থবছরে ৮.৫০%। বিউবো'র সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে ধরে রাখার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বর্তমানে বিভিন্ন প্রকল্পের অধীনে এবং রাজস্ব খাতের মাধ্যমে বিউবো কর্তৃক এ যাবৎ সর্বমোট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের সংখ্যা ১৪,৩৫,০০০ টি। ২০২২-২৩ অর্থবছরে ১০০,০০০ টি প্রি-পেমেন্ট মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

বর্তমানে সরকারের ভিশন এবং নির্বাচনী অঙ্গীকারকে সামনে রেখে জরুরী ভিত্তিতে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির জন্য নতুন নতুন বিদ্যুৎ কেন্দ্র নির্মাণসহ পুরাতন বিদ্যুৎ কেন্দ্র রক্ষণাবেক্ষণ, পুনর্বাসন এবং পাশাপাশি বিতরণ লাইন, ট্রান্সফরমার, উপকেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণের লক্ষ্যে সেট-আপ বৃদ্ধি ও সেট-আপের বিপরীতে সরাসরি লোকবল নিয়োগ জরুরী হয়ে পড়েছে। সরকারি ও বেসরকারি খাতে পরিকল্পনাধীন বিদ্যুৎ উৎপাদন প্রকল্পসমূহে আগামী ২০২৫ সাল নাগাদ প্রায় ৩০ বিলিয়ন মার্কিন ডলার অর্থায়নের প্রয়োজন হবে। প্রকল্প সমূহের অর্থায়ন নিশ্চিত করা একটি অন্যতম প্রধান চ্যালেঞ্জ। বিউবোকে একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে পরিণত করা এবং ট্যারিফ জনিত লোকসানের হাত থেকে রক্ষার জন্য সরবরাহ ব্যয় অনুযায়ী বিদ্যুতের মূল্যহার বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। জানুয়ারী'২০২০ হতে বাংলাদেশসহ বিশ্বব্যাপী নোভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের কারণে বিউবো'র সকল উন্নয়ন কর্মকান্ড ব্যাহত হয় এবং বিভিন্ন প্রকল্পের মেয়াদ দীর্ঘায়িত হয়।

ভবিষ্যৎ পরিকল্পনা:

মধ্যম আয়ের দেশ হিসাবে উন্নীত করণে বিদ্যুতের চাহিদা ক্রমান্বয়ে বেড়েই চলেছে। এ চাহিদা মোকাবেলার জন্য প্রতি বছর বিভিন্ন জ্বালানি ভিত্তিক নতুন নতুন বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়নে পরিকল্পনা করা হয়েছে। পরিকল্পনা মোতাবেক বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা আগামী ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেঃওঃ এবং ২০৪১ সালে মধ্যে ৬০,০০০ মেঃওঃ করার লক্ষ্যে বিউবো পরিকল্পনা অনুযায়ী কাজ করে যাচ্ছে। এ পরিকল্পনাসমূহ বিউবোসহ সরকারি ও বেসরকারি খাতে বাস্তবায়িত হবে। ঘরে ঘরে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বিউবো'র বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প চট্টগ্রাম/ ময়মনসিংহ/ কুমিল্লা/ সিলেট এর কার্যক্রম জোরালো ভাবে বাস্তবায়ন চলছে। বিতরণ খাতে সিস্টেম লস হ্রাস ও রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে শতভাগ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ১৪০০ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ;
- বিতরণ সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে অব্যাহত রাখা ;
- ১০০,০০০ টি প্রি-পেমেন্ট মিটার স্থাপন;
- দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান এবং
- বিউবো বিদ্যুৎ খাতে প্রধান সমন্বয়কের ভূমিকা পালনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন কর্মকান্ডে অব্যাহত ভূমিকা রাখা।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের .... মাসের .... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১
দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)
দেশের সকল নাগরিকের জন্য নিরবচ্ছিন্ন, গুনগত ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission)
টেকসই উন্নয়নের জন্য বিদ্যুতের প্রবৃদ্ধি অব্যাহত ও গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র
১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি
২. বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থার উন্নয়ন
৩. বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন
৪. জনগণের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা
৫. নতুন বিদ্যুৎ সংযোগ ও গ্রাহকসেবা নিশ্চিতকরণ

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি
২. বিদ্যুৎ কেন্দ্রসমূহের দক্ষতা বৃদ্ধি
৩. বিতরণ লাইন নির্মাণ
৪. উপকেন্দ্রের উন্নয়ন
৫. সিস্টেম লস হ্রাসকরণ
৬. নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ
৭. মানসম্মত বিদুৎ সরবরাহ নিশ্চিতকরণ
৮. নতুন বিদ্যুৎ সংযোগ
৯. স্মার্ট প্রি-পেইড মিটার স্থাপন
১০. ওভারলোডেড ট্রান্সফরমার এর পরিমাণ কমানো
১১. গ্রাহক সেবা নিশ্চিতকরন
১২. নেটমিটার স্থাপন
১৩. প্রাতিষ্ঠানিক দক্ষতার উন্নয়ন
১৪. কারিগরি সক্ষমতা বৃদ্ধি

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা ২০২২-২৩	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৩-২০২৪	২০২৪-২০২৫		
নতুন ক্ষমতা সংযোজন	সরকারি খাত ও বেসরকারি খাত	মেঃওঃ	১৫১৯	৩৮৫	৩০০	৩২০	৩৩০	বিউবো	Power System Master Plan (PSMP)-2016
নতুন নতুন গ্রাহক সংযোগ প্রদানের মাধ্যমে বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠির আওতা সম্প্রসারণ	নতুন আবাসিক সংযোগ	সংখ্যা	১,৮৬,৩৩৩	১,১৭,৬৪৩	১০০,০০০	১১০,০০০	১২০,০০০	বিউবো	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা
লাইন নির্মাণ করার মাধ্যমে বিদ্যুৎ বিতরণ সম্প্রসারণ	বিতরণ লাইন নির্মাণ	কিঃমিঃ	১৯২৪.৭১	২২৫৮.০৪	১৪০০	১৫০০	১৫০০	বিউবো	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা
উপকেন্দ্র নির্মাণ ও ক্ষমতা বর্ধণের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ	উপকেন্দ্রের ক্ষমতা বর্ধিতকরণ	সংখ্যা		২০	৮	৯	১০	বিউবো	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা
বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়নে আগামী ২০২৭ সালের মধ্যে সিস্টেম লস ৮.০০% এ নামিয়ে আনা	বিতরণ সিস্টেম লস	%	৮.৫০	৭.৪৪	৮.৪৫	৮.৪৩	৮.৪০	বিউবো	Power System Master Plan (PSMP)-2016, SDG
নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে আগামী ২০৩০ সালের মধ্যে SAIDI ৫০০ মিনিটে নামিয়ে আনা	সিস্টেম অ্যাভারেজ ইন্টারেপশন ডিউরেশন ইনডেক্স (SAIDI)	মিনিট	৭৪৭	৫৭০	৭৪৫	৬৫০	৫০০	বিউবো	Power System Master Plan (PSMP)-2016, SDG

*সাময়িক (provisional) তথ্য